গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩৬.২১ ১২৫

তারিখঃ ১১/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০১০/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মোঃ ফরহাদ হোসেন (পিতাঃ মৃত হাছেন আলী মণ্ডল), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধর্মপাশা, সুনামগঞ্জ এ কর্মরত আছেন এবং আপনার সাবেক কর্মস্থল ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ এ কর্মরত থাকাকালীন অবস্থায় বদলী সংক্রান্ত বিষয়ে জনাব তাহমিনা আক্তার (পিতাঃ মোঃ আব্দুল মান্নান), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নান্দাইল, ময়মনসিংহ এর নিকট হতে ১,২০,০০০/= (এক লক্ষ বিশ হাজার টাকা) গ্রহণ করেছেন এবং আপনি উক্ত হাসপাতালের ৮নং ওয়ার্ডের স্টোর রুমে বর্ণিত অর্থ গ্রহণ করেন ও স্থানীয় ওয়ার্ড কাউন্সিলরের মধ্যস্থতায় উক্ত ১,২০,০০০/= (এক লক্ষ বিশ হাজার টাকা) জনাব তাহমিনা আক্তার, সিনিয়র স্টাফ নার্সকে প্রদান করেন;

২। যেহেতু, আপনাকে এ অধিদপ্তরের ২০/০৯/২০২০ইং তারিখের ১৫১ সংখ্যক স্মারকে বর্ণিত বিষয়ে কৈফিয়ত তলব করা হয় এবং আপনি কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন ;

৩। যেহেতু, আপনার কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক নয়;

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ০৯/১১/২০২০ইং তারিখের ২১৯ সংখ্যক স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়;

৫। যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক ২৬/১২/২০২০ইং তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়;

৬। যেহেতু, আপনার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

এক্ষণে, সেহেতু আপনি জনাব মোঃ ফরহাদ হোসেন (পিতাঃ মৃত হাছেন আলী মণ্ডল), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধর্মপাশা, সুনামগঞ্জ (সাবেক কর্মস্থল ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ) কে অসদাচরনের দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ সালের বিধি ৩(খ) মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন এই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুযায়ী আপনাকে বরখাস্ত করা হবে না অথবা উক্ত বিধিমালার আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

মোঃ ফরহাদ হোসেন
সিনিয়র স্টাফ নার্স

<u>কর্মস্থলের ঠিকানাঃ</u>
মোঃ ফরহাদ হোসেন
পিতাঃ মৃত হাছেন আলী মণ্ডল
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
ধর্মপাশা, সুনামগঞ্জ।
<u>স্থায়ী ঠিকানাঃ</u>
মোঃ ফরহাদ হোসেন
পিতাঃ মৃত হাছেন আলী মণ্ডল
হাউজ নং-২৭, ওয়ার্ড নং-০৫, দিঘারকান্দা,
ওয়েস্ট শান্তিনগর সদর, ময়মনসিংহ।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৩৬.২১ ২২৫/২(১১)

তারিখ: ১১/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/২/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
৪। সিভিল সার্জন, সিভিল সার্জন অফিস,সুনামগঞ্জ।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধর্মপাশা, সুনামগঞ্জ।
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ/ সুনামগঞ্জ।
৭। সেবা-তত্ত্বাবধায়ক, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
৮। জনাব মোঃ ফরহাদ হোসেন (পিতাঃ মৃত হাছেন আলী মণ্ডল), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধর্মপাশা, সুনামগঞ্জ (সাবেক কর্মস্থল ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ)।
৯। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পত্রটি এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১। অফিস কপি।

২৪/০২/২০২১

শোভা শাহনাজ
উপসচিব
পরিচালক (শৃংখলা )
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@ dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব মোঃ ফরহাদ হোসেন (পিতাঃ মৃত হাছেন আলী মণ্ডল), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধর্মপাশা, সুনামগঞ্জ। তার সাবেক কর্মস্থল ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ এ কর্মরত থাকাকালীন অবস্থায় বদলী সংক্রান্ত বিষয়ে জনাব তাহমিনা আক্তার (পিতাঃ মোঃ আব্দুল মান্নান), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নান্দাইল, ময়মনসিংহ এর নিকট হতে ১,২০,০০০/= (এক লক্ষ বিশ হাজার টাকা) উক্ত হাসপাতালের ০৮ নং ওয়ার্ডের স্টোর রুমে গ্রহণ করেন এবং স্থানীয় ওয়ার্ড কাউন্সিলরের মধ্যস্থতায় উক্ত ১,২০,০০০/= (এক লক্ষ বিশ হাজার টাকা) জনাব তাহমিনা আক্তার, সিনিয়র স্টাফ নার্স কে প্রদান করেন। তার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক "অসদাচরণ" এর আওতাভুক্ত অপরাধ।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬০.২১ ১২৬ তারিখ- ১১/১১ /১৪২৭বঙ্গাব্দ
২৪/০২ /২০২১খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০১১/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মোছাঃ মনোরমা খাতুন (পিতাঃ মোঃ আব্দুল হাদী সরদার), সিনিয়র স্টাফ নার্স, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহীতে কর্মরত আছেন;

২। যেহেতু, আপনি উক্ত হাসপাতালের সার্জারী বিভাগের ২নং ওয়ার্ড ইনচার্জ এর দায়িত্ব পালনকালীন সময়ে ভর্তিকৃত রোগী জনাব মোঃ রাসেল (রেজিঃ নং-২৪০৩/০৬) ২৮/০৮/২০১৩ ইং তারিখে ভর্তি হয়ে ১০/০৯/২০১৩ ইং তারিখ ছুটি হলেও পথ্য ১৪/০৯/২০১৩ ইং তারিখ পর্যন্ত চালিয়ে যান। যাতে সরকারী অর্থের অপব্যয় হয়;

৩। যেহেতু, অভিযোগটি তদন্তের জন্য আপনার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনি দোষী প্রমাণিত হয়েছেন;

৪। যেহেতু, ২০/১০/২০১৯ ইং তারিখের ৩৬২ সংখ্যক স্মারকে আপনাকে কৈফিয়ত তলবের প্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক নয়;

৫। যেহেতু, আপনার দায়িত্ব পালনে অবহেলা করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক অসদাচরনের আওতাভুক্ত অপরাধ;

সেহেতু, এক্ষনে আপনি জনাব মোছাঃ মনোরমা খাতুন (পিতাঃ মোঃ আব্দুল হাদী সরদার), সিনিয়র স্টাফ নার্স, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী কে অসদাচরনের দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন এই বিধির ৪ (২) (ঘ) অনুযায়ী আপনাকে বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিত করা হবেনা অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধির ৬(১)(ক) বিধি মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব (৩ কপি) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

মোছাঃ মনোরমা খাতুন
সিনিয়র স্টাফ নার্স

কর্মস্থলের ঠিকানাঃ
মোছাঃ মনোরমা খাতুন
পিতাঃ মোঃ আব্দুল হাদী সরদার
সিনিয়র স্টাফ নার্স
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।

স্থায়ী ঠিকানাঃ
মোছাঃ মনোরমা খাতুন
পিতাঃ মোঃ আব্দুল হাদী সরদার
গ্রাম- নওদা, পো+থানাঃ পাঁচবিবি
জেলা-জয়পুরহাট।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬০.২১ ১২৬/১(৯)

তারিখ- ১১/১১ /১৪২৭বঙ্গাব্দ
২৪/০২ /২০২১খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। সেবা-তত্ত্বাবধায়ক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
৬। মোছাঃ মনোরমা খাতুন (পিতাঃ মোঃ আব্দুল হাদী সরদার), সিনিয়র স্টাফ নার্স, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী
৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। অফিস কপি।

২৪/০২/২০২১

শোভা শাহনাজ
উপসচিব
পরিচালক (শৃংখলা)
(মহাপরিচালকের পক্ষে)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ i nf o@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

## অভিযোগ বিবরণী

জনাব মোছাঃ মনোরমা খাতুন (পিতাঃ মোঃ আব্দুল হাদী সরদার), সিনিয়র স্টাফ নার্স, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহীতে কর্মরত আছেন। তিনি উক্ত হাসপাতালের সার্জারী বিভাগের ২নং ওয়ার্ড ইনচার্জ এর দায়িত্ব পালনকালীন সময়ে ভর্তিকৃত রোগী জনাব মোঃ রাসেল (রেজিঃ নং-২৪০৩/০৬) ২৮/০৮/২০১৩ ইং তারিখে ভর্তি হয়ে ১০/০৯/২০১৩ইং তারিখ ছুটি হলেও পথ্য ১৪/০৯/২০১৩ ইং তারিখ পর্যন্ত চালিয়ে যান। যাতে সরকারী অর্থের অপব্যয় হয়। তার এহেন দায়িত্ব পালনে অবহেলা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক অসদাচরনের আওতাভুক্ত অপরাধ।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭২.২০২০ ১২৭

তারিখ- ১১/১১ /১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২ /২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- ০২২/২০২১

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব শিউলী মল্লিক (পিতাঃ বিবেকানন্দ মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, বাগেরহাটে কর্মরত আছেন;

২। যেহেতু, গত ৩১/০৮/২০২০ইং তারিখ রাত ৯.৪০ মিনিটে রোগী এলীজা (১৬), পিতাঃ সেকেন্দার আলী, পেটে ব্যাথা নিয়ে উক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ০৬ নং বিছানায় ভর্তি হয় এবং রাত ১.৪৫টার সময় পুনরায় পেটে ব্যাথা হলে আপনাকে ডাকাডাকি করলে আপনি ঘুমের ঔষধ খেয়ে ঘুমিয়েছেন মর্মে জানান। এতে ভর্তিকৃত রোগীর সেবা ব্যাহত হয়;

৩। যেহেতু, অভিযোগটি তদন্তের জন্য গত ১৪/০৯/২০২০ইং তারিখে আপনার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনি দোষী প্রমাণিত হয়েছেন;

৪। যেহেতু, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ২৫/১১/২০২০ইং তারিখের ২৪২ সংখ্যক স্মারকে আপনাকে কারণ দর্শানোর প্রেক্ষিতে আপনার ০৩/১১/২০২০ইং তারিখের দাখিলকৃত জবাব সন্তোষজনক নয়;

৫। যেহেতু, আপনার দায়িত্ব পালনে অবহেলা করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী অসদাচরনের আওতাভুক্ত অপরাধ;

সেহেতু, এক্ষণে আপনি জনাব শিউলী মল্লিক (পিতাঃ বিবেকানন্দ মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, বাগেরহাটে কে অসদাচরনের দায়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন এই বিধির ৪ (২) (ঘ) অনুযায়ী আপনাকে বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিত করা হবেনা অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধির ৬(১)(ক) বিধি মোতাবেক এ অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানী প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

শিউলী মল্লিক
সিনিয়র স্টাফ নার্স

<u>কর্মস্থলের ঠিকানাঃ</u>
শিউলী মল্লিক
পিতাঃ বিবেকানন্দ মল্লিক
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, বাগেরহাটে।

<u>স্থায়ী ঠিকানাঃ</u>
শিউলী মল্লিক
পিতাঃ বিবেকানন্দ মল্লিক
গ্রাম-গবিন্দপুর, পোঃ সুন্দলী
থানাঃ অভয়নগর
জেলা-যশোহর

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭২.২০.২২৭/১(১০)

তারিখ- ১১/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিভিল সার্জন, সিভিল সার্জন অফিস, বাগেরহাট।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাগেরহাট।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, বাগেরহাটে।
৬। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, বাগেরহাট।
৭। জনাব শিউলী মল্লিক (পিতাঃ বিবেকানন্দ মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, বাগেরহাট।
৮। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ অভিযোগনামাটি এ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০। অফিস কপি।

24/02/2020

শোভা শাহনাজ
উপসচিব
পরিচালক (শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@ dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব শিউলী মল্লিক (পিতাঃ বিবেকানন্দ মল্লিক), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, বাগেরহাটে কর্মরত আছেন। গত ৩১/০৮/২০২০ইং তারিখ রাত ৯.৪০ মিনিটে রোগী এলীজা (১৬), পিতাঃ সেকেন্দার আলী, পেটে ব্যাথা নিয়ে উক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ০৬নং বিছানায় ভর্তি হয় এবং রাত ১.৪৫টার সময় পুনরায় পেটে ব্যাথা হলে তাকে ডাকাডাকি করলে তিনি ঘুমের ঔষধ খেয়ে ঘুমিয়েছেন মর্মে জানান। এতে ভর্তিকৃত রোগীর সেবা ব্যাহত হয়। তার এহেন দায়িত্ব পালনে অবহেলা করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী অসদাচরনের আওতাভুক্ত অপরাধ।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩২.২০২০. ১২৮

তাং ১৬/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি**

যেহেতু, জনাব মোছা: রিমা আক্তার (পিতা: রফিকুল ইসলাম সরকার), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা কর্তৃক অক্সিজেন মাস্ক খুলে নেওয়ায় শিশু মৃত্যুবরণ করে মর্মে গত ১০-০৮-২০২০ তারিখের 'দৈনিক সমকাল', 'দৈনিক ভোরের কাগজ'সহ একাধিক পত্রিকায় খবর প্রকাশিত হয়;

২। যেহেতু, উল্লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে ১৮-০৮-২০২০ তারিখের ১১৬নং স্মারকে তাকে কৈফিয়ত তলব করা হয়;

৩। যেহেতু, জনাব মোছা: রিমা আক্তার (পিতা: রফিকুল ইসলাম সরকার), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা কর্তৃক ০৭-০৯-২০২০ তারিখ কৈফিয়ত তলবের জবাব প্রদান করা হয়;

৪। যেহেতু, জনাব মোছা: রিমা আক্তার (পিতা: রফিকুল ইসলাম সরকার) এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য এ অধিদপ্তরের ২০-০৯-২০২০ তারিখের ১৫০ নং স্মারকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ০১-১১-২০২০ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়;

৫। যেহেতু, এ অধিদপ্তর কর্তৃক ০৫-০১-২০২১ তারিখের ০৬ নং স্মারকে পুনরায় সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য তদন্তকারী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১৭-০১-২০২১ তারিখে সুস্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়;

৬। এক্ষণে সেহেতু, জনাব মোছা: রিমা আক্তার (পিতা: রফিকুল ইসলাম সরকার), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা এর কৈফিয়ত তলবের জবাব, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট নথি নিরীক্ষা ও পর্যালোচনায় জনাব মোছা: রিমা আক্তার (পিতা: রফিকুল ইসলাম সরকার), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রত্যাহার করা হল।

২৪/০২/২০২১
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ইমেইলঃ dg@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৭৫.২০২০. ১২৬/১(৯)

তাং ১৬/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিভিল সার্জন, গাইবান্ধা।
০৩। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা।
০৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সেবা তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা।
০৬। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, গাইবান্ধা।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৮। জনাব মোছা: রিমা আক্তার (পিতা: রফিকুল ইসলাম সরকার), সিনিয়র স্টাফ নার্স, জেলা সদর হাসপাতাল, গাইবান্ধা।
০৯। অফিস কপি।

24/02/2020
শোভা শাহনাজ
(উপসচিব)
পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৩.১৯. ১১৯

/ /১৪২৭ বঙ্গাব্দ
তাং-----------------------------------
/ /২০২১ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

যেহেতু, জনাব মো: আবু তালেব (পিতা মৃত শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক অভিযুক্ত করে তার বিরুদ্ধে এ অধিদপ্তরের ২০/০৯/২০১৮ তারিখের ডিজিএনএম/শা-১/১উ-১৮৮/২০১৩/৩৪০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং এ অধিদপ্তরের ২৪-০১-২০১৮ তারিখে ডিজিএনএম/শা-১/১ত-৫১/২০০৩/২৯ নং স্মারকে তাকে চাকরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামায় কারণ দর্শানোর নোটিশের পরিপ্রেক্ষিতে ১৮-১০-২০১৮ তারিখে জবাব দাখিল করেন;

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য এ অধিদপ্তরের ১০-০১-২০১৯ তারিখের ডিজিএনএম/শা-১/১ত-৫১/২০০৩/১১ নং স্মারকে ৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয় এবং যেহেতু তদন্ত বোর্ড কর্তৃক ১৪-০১-২০১৯ তারিখের ডিজিএনএম/শা-১/১ত-৫১/২০০৩/২১ নং স্মারকে অভিযুক্তকে ১৬-০১-২০১৯ তারিখে তদন্ত কার্যক্রমে অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়;

৪। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক ১১-০৪-২০১৯ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে ০৩ বছর ০৭ মাস ২৫ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ অর্থাৎ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি, ২০১৮ এর ৩(গ) বিধির অভিযোগ প্রমাণিত হয়;

৫। যেহেতু, এ অধিদপ্তরের ২০-০৫-২০১৯ তারিখের ডিজিএনএম/শা-১/১ত-৫১/২০০৩/২১৯ নং স্মারকে জনাব মো: আবু তালেব (পিতা মৃত শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ কে ২য় কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয় এবং যেহেতু, তিনি ১১-০৬-২০১৯ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন;

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাকে চাকরী হতে বরখাস্তকরণের সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের মতামত চাওয়া হয় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২৮-০৭-২০২০ তারিখের ৮০.০০.০০০০.৫০৭.৩৪.০০৮.২০-৭১ নং স্মারকে উক্ত সিদ্ধান্তের প্রতি সম্মতি প্রদান করা হয়েছে;

৭। এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধি, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক জনাব মো: আবু তালেব (পিতা মৃত শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ কে কর্মস্থলে তার অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার তারিখ অর্থাৎ ১৪-০৬-২০১৫ ইং তারিখ হতে বরখাস্ত করা হল।

স্বা:/-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরমহাখালী, ঢাকা।
ইমেইলঃ dg@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৮৩.১৯. ১১৭/২০২১ তাং ১১/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

০৫। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ।

০৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ।

০৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৮। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, নারায়ণগঞ্জ।

০৯। সেবা তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ।

১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১১। জনাব মো: আবু তালেব (পিতা মৃত শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ।

১২। জনাব মো: আবু তালেব (পিতা মৃত শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), গ্রাম + পোস্ট: রারহা, থানা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা।

১৩। অফিস কপি।

২৪/০২/২০২১

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরমহাখালী, ঢাকা।
ইমেইলঃ dg@dgnm.gov.bd